

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩১৭৮
আগরতলা, ২ অক্টোবর, ২০২৩

**দীপক প্রকল্পের মউ স্বাক্ষর অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী
শিক্ষাই রাষ্ট্রের অগ্রগতির প্রধান সূচক**

শিক্ষাই রাষ্ট্রের অগ্রগতির প্রধান সূচক। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে কেন্দ্রীয় সরকার ও রাজ্যের বর্তমান সরকার প্রান্তিক এলাকা পর্যন্ত গুণগত শিক্ষা সম্প্রসারণে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আজ আগরতলার ২১ আসাম রাইফেলস কার্যালয়ে আসাম রাইফেলস, এনআইইডিও এবং এক্সিস ব্যাঙ্কের মধ্যে ‘দীপক প্রকল্প’ মউ স্বাক্ষর অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। মউ স্বাক্ষর অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। রাজ্যের অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া মেধাবী ছাত্রছাত্রীদের বিভিন্ন পবেশিকা পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে আসাম রাইফেলস বাহিনীর উদ্যোগে ‘দীপক প্রকল্প’ চালু হচ্ছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের ‘সুপার-৩০’ প্রকল্পের ধারনার উপর ভিত্তি করে ‘দীপক প্রকল্প’ প্রণয়ন করা হবে। ‘সুপার-৩০’ প্রকল্প আমাদের রাজ্যে শিক্ষা দপ্তরের উদ্যোগে চালু করা হয়েছে। এই প্রকল্পের মূল উদ্দেশ্য হল অর্থনৈতিক ভাবে পিছিয়ে পড়া মেধাবী ছাত্রছাত্রীদের বিশেষ কোর্সিং এর ব্যবস্থা করা। উচ্চ মাধ্যমিকের পর নিট বা জেইই কোর্সে আগ্রহীদের বিশেষ কোর্সিং দেওয়া এই প্রকল্পের অন্যতম উদ্দেশ্য।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, ‘সুপার-৩০’ প্রকল্পে রাজ্যে ইতিমধ্যেই সাফল্য পাওয়া গেছে। মুখ্যমন্ত্রী বলেন, দীপক প্রকল্পটি ইতিমধ্যেই উত্তর পূর্বাঞ্চলের মণিপুর, নাগাল্যান্ড, মিজোরাম ও অরুনাচল প্রদেশে চালু হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির বিকাশ ছাড়া দেশের সার্বিক বিকাশ সম্ভব নয়। এই ধারণাকে পাথেয় করে উত্তর পূর্বাঞ্চলের মানব সম্পদের বিকাশে ‘দীপক প্রকল্প’ গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী দীপক প্রকল্পের সার্বিক সাফল্য কামনা করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ব্রিগেডিয়ার বিক্রম গুলেরিয়া। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ডা. আর শ্রীবাস্তব। উপস্থিত ছিলেন মেজর জেনারেল বি কে নামবিয়া।
